

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২০ ফেব্রুয়ারি, ২০১৭ ১৪:৪৮

সেই রাণী সরকারের পাশে মেয়র আনিসুল | শোবিজ প্রতিবেদক



মেয়র আনিসুলের পক্ষে রাণী সরকারের হাতে তুলে দেওয়া হচ্ছে সহায়তার অর্থ।

জাতীয় চলচ্চিত্র পুরস্কারে আজীবন সম্মাননা পাওয়া প্রখ্যাত অভিনেত্রী রাণী সরকারের অসুস্থতার খবরে তার পাশে দাঁড়ালেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ২০ ফেব্রুয়ারি বাংলাদেশ প্রতিদিন পত্রিকার শোবিজ বিভাগে ‘রাণী সরকার গুরুতর অসুস্থ শিরোনামে একটি সংবাদ প্রকাশ হয়। সংবাদটি সিটি মেয়রের নজরে এলে তাৎক্ষণিকভাবে তিনি তাকে হাসপাতালে ভর্তিসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। একই সঙ্গে মেয়র তার নিজস্ব ফান্ড থেকে নগদ এক লক্ষ টাকা রাণী সরকারকে প্রদান করেন।

সিটি মেয়রের ব্যক্তিগত সহকারী একেএম মিজানুর রহমান সোমবার দুপুর ২টায় রাণী সরকারের মোহাম্মদপুরের বাসায় উপস্থিত হয়ে তার হাতে মেয়রের দেওয়া অর্থ তুলে দেন। মিজানুর রহমান জানান, মেয়রের পরামর্শে আমরা তাকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি ও আবাসন ব্যবস্থা করে দিতে এই অভিনেত্রীর বাসায় এসেছি। মিজানুর রহমান আরও জানান, সিটি মেয়রের উদ্যোগে গঠিত ‘শিল্পীর পাশে ফাউন্ডেশন’ সংগঠন থেকে অসুস্থ রাণী সরকারকে আর্থিক সহযোগিতা দেওয়া হবে। আমরা এই কিংবদন্তী অভিনেত্রীর বাসায় এসে দেখেছি তিনি একটি বস্তিঘরে অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে বাস করছেন। তার শারীরিক অবস্থা আশংকাজনক। বিষয়টি মেয়রকে অবহিত করা হয়েছে। মেয়র এই অভিনেত্রীর সুচিকিৎসা এবং উন্নত বাসস্থানের ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন।

বিডি-প্রতিদিন/এস আহমেদ